বাক্যে প্রয়োগ ঃ

হাতেকলমে

১। সঠিক বিকল্পটি নির্বাচন করো ঃ

১.১ প্রত্যয় হল—

(ক) এক ধরনের বিভক্তি (খ) বর্ণ বা বর্ণসমষ্টি (গ) অনুসর্গ (ঘ) কোনোটিই নয়

১.২ প্রত্যয়ের কাজ—

(ক) শব্দকে অলংকৃত করা (খ) শব্দকে অর্থপূর্ণ করা

(গ) শব্দকে বাক্যের উপযোগী করা (ঘ) নতুন শব্দ তৈরি করা

১.৩ নীচের কোন্ শব্দটি 'ষ্নিক' প্রত্যয় যোগে গঠিত?

(ক) বালক (খ) পালক (গ) নাগরিক (ঘ) নাবিক

১.৪ 'শীতল' শব্দটির ব্যুৎপত্তি হল—

(ক) শীত + ল (খ) শীত + আল (গ) শী + তল (ঘ) শীত + অল

১.৫ 'নীলিমা' শব্দের মধ্যে প্রত্যয় আছে—

(ক) মা (খ) লিমা (গ) ইমন (ঘ) কোনোটিই নয়

১.৬ নীচের কোন্‌টি ধাতু প্রত্যয়?—

(ক) ঢাকাই (খ) তামাটে (গ) দর্শন (ঘ) মজুতদার

১.৭ নীচের কোন্‌টি শব্দ প্রত্যয়?—

(ক) ভোজন (খ) বৈষ্ণব (গ) করণীয় (ঘ) স্মরণীয়

১.৮ 'তা' প্রত্যয় যোগে একটি শব্দ হল—

(ক) একতা (খ) পাতা (গ) লতা (ঘ) ছাতা

নীচের শব্দগুলি প্রত্যয়

● তবে মনে রাখবে ঃ প্রত্যয় ও বিভক্তি এক জিনিস নয়। এদের মধ্যে পার্থক্য হল—

প্রত্যয়	বিভক্তি
১। ধাতু বা শব্দের সঙ্গে প্রত্যয় যুক্ত হয়ে নতুন শব্দ গঠন করে। অর্থাৎ প্রত্যয় যোগে শব্দ বা ধাতু, শব্দ বা ধাতুই থেকে যায়। যেমন—চোর্ (শব্দ) + আই (প্রত্যয়) = চোরাই (নতুন শব্দ)।	১। ধাতু বা শব্দের সঙ্গে বিভক্তি যুক্ত হয়ে পদ গঠন করে। অর্থাৎ বিভক্তি যোগে শব্দ পদে পরিণত হয়। যেমন—জল (শব্দ) + এ (বিভক্তি) = জলে।
২। ধাতু বা শব্দের সঙ্গে প্রত্যয় যোগ করলে যেহেতু ধাতু বা শব্দ হয়, তাই তারপর বিভক্তি যোগ করা যায়। যেমন—মান (শব্দ) + ঈ = (প্রত্যয়) = মানী (নতুন শব্দ)। মানী (শব্দ) + র (বিভক্তি) = মানীর (পদ)।	২। ধাতু বা শব্দের সঙ্গে একবার বিভক্তি যোগ করলে যেহেতু ধাতু বা শব্দ পদে পরিণত হয়, সেহেতু তারপর আর প্রত্যয় যোগ করা যায় না। প্রত্যয় কখনও পদের সঙ্গে যুক্ত হয় না।

REDMI NOTE 6 PRO
MI DUAL CAMERA